গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পৌর-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

নং- ৪৬.০০.০০০০.০০০.০৬৩.২৭.০০২.২৪-১০৮৪

তারিখঃ ১১ আশ্বিন ১৪৩১ / ২৬ সেপ্টেম্বর ২০২৪

## অফিস আদেশ

স্থানীয় সরকার (পৌরসভা) (সংশোধন) অধ্যাদেশ, ২০২৪ এর ধারা ৪২ক(২) অনুযায়ী উপজেলা সদর পৌরসভার প্রশাসকের কর্মসম্পাদনে সহায়তা প্রদানের জন্য নিম্নরূপ সদস্য সমন্বয়ে কমিটি গঠন করা হলোঃ

| | | | |
|---|---|---|---|
| ১। | প্রশাসক, পৌরসভা | - | সভাপতি |
| ২। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা | - | সদস্য |
| ৩। | থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা | - | সদস্য |
| ৪। | উপজেলা প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর | - | সদস্য |
| ৫। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা | - | সদস্য |
| ৬। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা | - | সদস্য |
| ৭। | উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা | - | সদস্য |

**কমিটির কার্যপরিধি:**

(১) কমিটির সদস্যবৃন্দ স্থানীয় সরকার (পৌরসভা) (সংশোধন) অধ্যাদেশ, ২০২৪ এর ধারা ৪২ক(২) অনুযায়ী পৌরসভার প্রশাসকের কর্মসম্পাদনে সহায়তা প্রদান করবেন;

(২) কমিটির সদস্যবৃন্দ স্থানীয় সরকার (পৌরসভা) (সংশোধন) অধ্যাদেশ, ২০২৪ এর ধারা ৪২ক(৩) অনুযায়ী কাউন্সিলর-এর ক্ষমতা প্রয়োগ ও দায়িত্ব পালন করবেন; এবং

(৩) কমিটির প্রত্যেক সদস্য প্রতিটি সভার জন্য উৎসে কর কর্তন সাপেক্ষে বিধিমোতাবেক সম্মানিভাতা প্রাপ্য হবেন। সম্মানির পরিমাণ পৌরসভার আয় অনুযায়ী নির্ধারণ করা যাবে; তবে তা ৩০০০/- (তিন হাজার) টাকার অধিক হবে না।

২৬.৯.২০২৪

মো. মাহবুব আলম
উপসচিব
☎ +৮৮০২৯৫১৪১৪২
ই-মেইল: lgpaura1@lgd.gov.bd

নং- ৪৬.০০.০০০০.০০০.০৬৩.২৭.০০২.২৪-১০৮৪ (১/১৪)

তারিখঃ ১১ আশ্বিন ১৪৩১ / ২৬ সেপ্টেম্বর ২০২৪

**সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।